সংবাদ

তারিখ ১৪।১।৮১

পৃষ্ঠা

108

# নারায়ণগঞ্জে প্রাথমিক শিক্ষক ধর্মঘট

(নিজস্ব বার্তা পরিবেশক)

নারায়ণগঞ্জ, ১১ই জানুয়ারী।—দেশের প্রাথমিক বিদ্যালয়গুলো পরিচালনার ভার পৌরসভা ও স্থানীয় প্রশাসনের হাতে ন্যস্ত করার সরকারী সিদ্ধান্তের প্রতিবাদে নারায়ণগঞ্জ থানার প্রায় চারশত প্রাথমিক শিক্ষক গত ২৫শে ডিসেম্বর থেকে ধর্মঘট চালিয়ে যাচ্ছেন।

নারায়ণগঞ্জ থানা প্রাথমিক শিক্ষক সমিতি এই ধর্মঘট আহ্বান করেছে। গত ২৩শে ডিসেম্বর নারায়ণগঞ্জ থানার প্রাথমিক বিদ্যালয়গুলোতে বার্ষিক পরীক্ষা শেষ হয়েছে। শিক্ষকদের ধর্মঘটের ফলে এখনো কোন প্রাথমিক বিদ্যালয়ে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়নি। এর ফলে নারায়ণগঞ্জের ৪৯টি প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নরত প্রায় ১৪ হাজার ছাত্র-ছাত্রীর ভাগ্য অনিশ্চিত হয়ে পড়েছে।

স্থানীয় অভিভাবকরা জানিয়েছেন যে, পরীক্ষার ফলাফল প্রকাশ না করায় ছাত্রছাত্রীদের অন্য স্কুলে ভর্তি করা সম্ভব হচ্ছে না।